# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 NOVEMBER 2025 7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মরিগাওয়ের মিকিরভেটায় ৫০ শয্যা বিশিষ্ট আয়ুষ চিকিৎসালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন / ৩৬ হাজার ৩৬৭ জন হিতাধিকারীকে মহিলা উদ্যমিতা অভিযানের চেক প্রদান ।

২) আসাম - অরুণাচল প্রদেশের মধ্যে শান্তি সম্প্রীতির পরিবেশ সুদৃঢ় করার জন্য ধেমাজি জেলা প্রশাসন ও লোয়ার সিয়াং জেলা প্রশাসনের সহযোগীতায় আজ চিলাপথারে সীমান্ত সমন্বয় সমারোহ ।

৩) জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে সিংগাপুর পুলিশ এস আই টি কে তিনটি গুরুত্বপূর্ন তথ্য প্রদান করেছে বলে তদন্তকারী আধিকারিক মুন্নাপ্রসাদ গুপ্তার প্রকাশ । এবং

৪) বিশিষ্ট সাহিত্যিক ড: নগেন শইকীয়াকে অসম সাহিত্য সভার সবোচ্চ সম্মান সদসি বরণ্যে প্রদান ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ মরিগাও জেলার মিকিরভেটায় একটি ৫০ শয্যা বিশিষ্ট আয়ুষ চিকিৎসালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা সহ মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে মরিগাও কেন্দ্রের হিতাধিকারীকে চেক বিতরণের সূচণা করেন । মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে ৩৬ হাজার ৩৬৭ জন হিতাধিকারীকে ১০ হাজার টাকা করে উদ্যমিতা তহবিলের প্রথম কিস্তির চেক বিতরণের ও সূচণা করেন । এই হিতাধিকারীর মধ্যে ৩২ হাজার ৯৫১ জন গ্রামাঞ্চলের ও তিন হাজার ৪২৬ জন শহরাঞ্চলের । উল্লেখ্য চিকিৎসা বিজ্ঞানের পরম্পরাগত ব্যবস্থার সম্প্রসারণ সহ জনসাধারণকে বিকল্প স্বাস্থ্য সেবার সুবিধা প্রদানের জন্য আয়ুষ চিকিৎসালয়টি ১৫ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ১৫ বিঘা জমিতে নির্মাণ করা হবে । চেক বিতরণ অনুষ্ঠানে ভাষন প্রসংগে মুখ্যমন্ত্রী বলেন

যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুবছর আগে যোরহাটে যাওয়ের সময় দেশের তিন কোটি মহিলাকে লক্ষপতি দিদি হিসেবে গড়ে তোলার বিষয়ে প্রকাশ করেছিলেন । সেই অনুযায়ী রাজ্য সরকার আসামের আত্মসহায়ক গোষ্ঠীগুলির সংগে জড়িত ৩০ লক্ষ মহিলাকে লক্ষপতি দিদি হিসেবে গড়ে তোলার সংকল্প নিয়েছিল বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

আসাম ও অরুণাচল প্রদেশের মধ্যে শান্তি -সম্প্রীতির পরিবেশ সুদৃঢ় করে তোলার প্রয়াসের অংশ হিসেবে আসাম সরকারের সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের উদ্যোগে ধেমাজি জেলা প্রশাসন ও প্রতিবেশী রাজ্যের লোয়ার সিয়াং জেলা প্রশাসনের সহযোগীতায় সীমান্ত সমন্বয় সমারোহ আজ অনুষ্ঠিত হয় । ধেমাজি জেলার চিলাপথারে আয়োজিত এই সমারোহে অংশ গ্রহণ করে মন্ত্রী অতুল বরা বলেন যে উভয় রাজ্যের মুখ্যমন্ত্রীর রাজনৈতিক সদিচ্ছা ও একান্ত আগ্রহের জন্য এই সমারোহের আয়োজন করা হয়েছে । ইতিমধ্যে প্রতিবেশী রাজ্য দুটির মধ্যে সীমা সমস্যা সমাধানের পথ প্রশস্ত হয়েছে ও সীমান্তবর্তী অঞ্চলগুলিতে শান্তি সম্প্রীতির নতুন বাতাবরণ সৃষ্টি হয়েছে বলে তিনি উল্লেখ করেন । আজ এই সমারোহের মাধ্যমে আসাম ও অরুণাচল প্রদেশের সীমান্তবর্তী এলাকায় উন্নয়ন ও ব্যবসা বানিজ্য ত্বরান্বিত করা সহ সীমান্তবর্তী এলাকার পর্যটন শিল্পকে অনুপ্রেরণা যোগানোর উদ্দেশ্যে প্রয়াস করা হচ্ছে বলে শ্রীবরা জানান ।অনুষ্ঠানে মন্ত্রী ডা: রণোজ পেগু , অরুণাচল প্রদেশ বিধানসভার উপাধ্যক্ষ কাডো নিগয়র , সাংসদ প্রদান বরুয়া , ধেমাজি ও লোয়ার সিয়াং জেলার পুলিশ সুপার তথা বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে বিশেষ তদন্তকারী গোষ্ঠী সিংগাপুর পুলিশ থেকে তিনটি গুরুত্বপূর্ন তথ্য লাভ করেছে । এস আই টির প্রধান মুন্নাপ্রসাদ গুপ্তা আজ সংবাদ মাধ্যমের কাছে একথা জানিয়ে বলেন যে পারস্পরিক আইনী সাহায্য চুক্তির অধীনে বিশেষ তদন্তকারী গোষ্ঠী সিংগাপুর পুলিশ থেকে কিছু তথ্য চেয়েছিল । এর ভিত্তিতে সিংগাপুর পুলিশ বিশেষ তদন্তকারী গোষ্ঠীকে এই তথ্য প্রদান করেছে । সিংগাপুর পুলিশ জুবিন গার্গের মরণোত্তর পরীক্ষার প্রতিবেদন সম্পর্কে চূড়ান্ত মতামত জানিয়েছে বলে এস আই টির প্রধান প্রকাশ করেছেন । তিনি বলেন যে সিংগাপুর বন্দর ও সামুদ্রিক কতৃপক্ষ থেকে ও বিশেষ তদন্তকারী গোষ্ঠী নথি লাভ করেছে । এর মাধ্যমে তদন্ত এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়তা পাওয়া যাবে বলে তিনি উল্লেখ

করেন ।তদন্ত প্রক্রিয়া সময়মতো সম্পূর্ন করে বিশেষ তদন্তকারী গোষ্ঠী খুব শীঘ্র আদালতে প্রতিবেদন দাখিল করবে বলে শ্রী গুপ্তা সংবাদ মাধ্যমের কাছে জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম পুলিশের আইন শৃঙ্খলা বিভাগের পুলিশ মহাপরিদর্শক অখিলেশ কুমার সিং , পুলিশ মহাপরিদর্শক পার্থ সারথি মহন্ত সহ রাজ্যের ১৩ জন পুলিশ আধিকারিক কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের দক্ষতা পদক লাভ করেছেন । অনুসন্ধান শাখায় উপ - পুলিশ সুপার ফুলকর নার্জারী , মাধুরীমা দাস , তদানীন্তন মহকুমা পুলিশ আধিকারিক প্রকাশ সনোয়াল ও উপপরিদর্শক উমেশ বরা স্বরাষ্ট্র মন্ত্রী দক্ষতা পদক লাভ করেছেন । এক ইভাবে বিশেষ অভিযান শাখায় তদানীনন্তন অতিরিক্ত পুলিশ সুপার প্রণব কুমার পেগু , পুলিশ সুপার অনুরাগ শর্মা , আতিরিক্ত পুলিশ সুপার সত্যেন্দ্র সিং হাজারী , পরিদর্শক সরোজ দলে , শংকরজ্যোতি নাথ , কপিল পাঠক ,ও বিক্রম বসুমাতারিকে স্বরাষ্ট্রমন্ত্রীর দক্ষতা পদক প্রদান করা হয়েছে ।উগ্রপন্থীর বিরুদ্ধে চালানো আভিযান ও অনুসন্ধানে লাভ করা সফলতার জন্য এই পুলিশ আধিকারিকদের স্বরাষ্ট্রমন্ত্রীর দক্ষতা পদক প্রদান করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ভারত সুস্থ নারী সবল পরিবার অভিযানের অধীনে তিনটি বিশ্ব রেকর্ড গড়ে গিনিজ বুকে স্থান লাভ করতে সক্ষম হয়েছে ।গত ১৭ সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত এই কার্যসূচিতে বহু লোক অংশগ্রহণ করেছে । এই পদক্ষেপের অধীনে একমাসে একটি স্বাস্থ্যসেবা প্লেটফর্মে সর্বাধিক সংখ্যক লোকের পঞ্জীয়ন করার রেকর্ড সৃষ্টি হয়েছে । এই অভিযানের অধীনে এক সপ্তাহে রেকর্ড সংখ্যক মহিলা স্তন ক্যান্সার রোগের অনলাইন পরীক্ষার জন্য নাম পঞ্জীয়ন করেছে । এই অভিযানের অধীনে ৯ লক্ষ ৯৪ হাজারেরও বেশী মহিলা অনলাইন পরীক্ষার জন্য স্বাক্ষর করেছে । এছাড়া রাজ্য পর্যায়ে ১ লক্ষ ২৫ হাজার লোক এক সপ্তাহে অনলাইনে উচ্চ রক্তচাপ , দেহের উত্তাপ সহ বিভিন্ন ধরণের শারীরিক পরীক্ষার জন্য নাম পঞ্জীয়ন করার রেকর্ড সৃষ্টি করেছে ।

-----------------------------------------------------------------------------------

অসম সাহিত্য সভার প্রাক্তন সভাপতি তথা বিশিষ্ট সাহিত্যিক ডঃ নগেন শইকিয়াকে আজ অসম সাহিত্য সভার ‘ সদসি বরণ্যে ’ সম্মান প্রদান করা হয় ।ডিব্রুগড়ে সাহিত্য সভার সভাপতি ডঃ বসন্ত কুমার গোস্বামীর পৌরহিত্যে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী শইকিয়াকে এই সম্মান প্রদান করা হয় ব। অনুষ্ঠানে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

ডঃ জিতেন হাজারিকা , লক্ষিমপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ কমল বরা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আগামী ৫ ই নভেম্বর ভারতরত্ন ডঃ ভূপেন হাজারিকার মৃত্যু বার্ষিকীতে সুধাকণ্ঠকে স্মরণ করতে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে ৫ হাজার শিল্পী বাংলা এবং অসমীয়া উভয় ভাষায় সুধাকণ্ঠের মানুষ মানুষের জন্য গানটি পরিবেশন করবে । ঐদিন সকাল ১১ টায় অনুষ্ঠান শুরু হবে । অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন , স্কুল কলেজের ছাত্রছাত্রী , সরকারী কার্যালয়ের কর্মচারীরা অংশগ্রহণ করবেন ।অনুষ্ঠানের শুরুতে ডঃ হাজারিকার প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হবে ।লক্ষীপুর সমজেলায় ও ঐদিন অনুরূপ কার্যসূচির আয়োজন করা হয়েছে ।জেলা আয়ুক্ত জানান -----

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ৫ ই নভেম্বর ভারতরত্ন সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার মৃত্যু বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে । এই দিবস পালনের কার্যসূচী স্থির করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় জানানো হয় যে আগামী ৫ ই নভেম্বর বুধবার সকাল ১১ টায় শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার মাঠে ৫ হাজার মানুষের সমাগমে মানব শৃঙ্খল তৈরী করে সুধাকণ্ঠের ‘মানুষ মানুষের জন্য ’গানটি সমবেতভাবে গাওয়া হবে । রামকৃষ্ণনগরে ঐদিন ২ হাজার মানুষের সমাগমে অনুরূপ কার্যসূচী অনুষ্ঠিত হবে । এই কার্যসূচীতে স্কুল কলেজের ছাত্রছাত্রী , বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন , স্বেচ্ছাসেবী সংগঠন সহ সমাজের সর্বস্তরের জনসাধারণ উপস্থিত থাকবেন । বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী তথা শ্রীভূমি জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগেও আগামী ৫ ই নভেম্বর ডঃ ভূপেন হাজারিকার মৃত্যুবার্ষিকীতে অনুরূপ মানব বন্ধন গড়ে তোলে মানুষ মানুষের জন্য গানটি সমবেতভাবে পরিবেশন করা হবে ।আজ জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত সভায় এই মানব বন্ধনের রূপরেখা প্রস্তুত করা হয় । এই মানব বন্ধনে ৫ হাজার লোক অংশগ্রহণ করবে বলে সভায় জানানো হয় । সভায় বিভিন্ন বিভাগের প্রধান , জেলা আয়ুক্ত দীপমালা গোয়ালা , ত্রিদিব রায় প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কর্ম বিনিয়োগ কেন্দ্রের উদ্যোগে আজ এস এস কলেজে এক ক্যারিয়ার গাইডেন্স প্রোগ্রামের আয়োজন করা হয়েছে ।জেলা প্রশাসনের পক্ষ থেকে অতিরিক্ত আয়ুক্ত অঙ্কিতা ছেত্রী ছাত্রছাত্রীদের সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলার জন্য উৎসাহিত করেন ।অনুষ্ঠানে দক্ষিণ আসাম জোনের ডেপুটি ডাইরেক্টর মনোজ কানু শিক্ষার্থীদের ক্যারিয়ার কাউন্সিলিংয়ের পরামর্শ দেন ।

----------------------------------------------------------------------------------------------

আই সি সি মহিলা বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতার প্রথম খেতাব অর্জনের জন্য আগামীকাল ভারত দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে অবতীর্ণ হবে । আগামীকালের ফাইনাল ম্যাচ নবী মুম্বাইয়ের ডঃ ডি ওয়াই পাটিল স্পোর্টস একাডেমীর খেলার মাঠে বিকেল তিনটে থেকে শুরু হবে । উল্লেখ্য ভারত গত বৃহস্পতিবার দ্বিতীয় সেমিফাইনালে অস্ট্রেলিয়াকে ৫ উইকেটে পরাজিত করে ফাইনালে প্রবেশ করে । এর পূর্বে দক্ষিণ আফ্রিকা গুয়াহাটীতে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে ইংলেন্ডের বিরুদ্ধে ১২৫ রাণে জয়লাভ করে ফাইনালে পৌছে ।

----------------------------------------------------------------------------------------------